TRANSPARENCY INTERNATIONAL BANGLADESH
Social movement against corruption

**সংবাদ বিজ্ঞপ্তি**

**আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস ২০১০ উপলক্ষে**
**দুর্নীতিবিরোধী কার্টুন প্রতিযোগিতার আয়োজন করেছে টিআইবি**

**ঢাকা, ২২ আগস্ট ২০১০:** আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস ২০১০ উপলক্ষে ৫ম বারের মত দুর্নীতিবিরোধী কার্টুন প্রতিযোগিতার আয়োজন করেছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)। এবারে প্রতিযোগিতার বিষয় নির্ধারণ করা হয়েছে **'দুর্নীতির বিরুদ্ধে তরুণ সমাজ'**। প্রতিযোগিতায় **কার্টুন পাঠানোর শেষ তারিখ ৩১শে অক্টোবর ২০১০**।

দু'টি বিভাগে আয়োজিত এ প্রতিযোগিতায় 'ক' (১৩-১৮ বছর) ও 'খ' (১৯-৩৫ বছর) বিভাগে তিনজন করে সর্বমোট ছয়জন বিজয়ীকে সনদ ও ক্রেস্টসহ যথাক্রমে ২০, ১৫ ও ১২ হাজার টাকা পুরস্কার প্রদান করা হবে। এছাড়া দু'টি বিভাগে বিশেষ মনোনয়নপ্রাপ্ত মোট ৫০টি কার্টুনের জন্য প্রত্যেক প্রতিযোগীকে সনদসহ ১,০০০ টাকা করে দেয়া হবে। কার্টুনটি ১২''×১৬'' অথবা ১২''×১৮'' (ইঞ্চি) আকারের হবে। ল্যান্ডস্কেপ এবং পোর্ট্রেইট দুইভাবেই কার্টুনটি আঁকা যাবে এবং যে কোন মাধ্যমে অংকন করা যাবে। তবে কার্টুনটি অবশ্যই মৌলিক হতে হবে।

ভাঁজহীন অবস্থায় কার্টুনটি পাঠাতে হবে। খামের উপরে 'দুর্নীতিবিরোধী কার্টুন প্রতিযোগিতা ২০১০' এবং বিভাগ উল্লেখ করতে হবে। কার্টুনটি কাগজের যে পাশে আঁকা হবে তার অপর পাশে পেন্সিলে স্পষ্টাক্ষরে বাংলা ও ইংরেজিতে নিজের নাম এবং বয়স লিখতে হবে। সঙ্গে এক কপি পাসপোর্ট সাইজ ছবি, বয়সের প্রমাণপত্র, যোগাযোগের পূর্ণ ঠিকানা ও ফোন নম্বরসহ টিআইবি'র ঢাকাস্থ কার্যালয় - আউটরিচ এন্ড কমিউনিকেশন বিভাগ, বাড়ী-১৪১, সড়ক- ১২, ব্লক- ই, বনানী, ঢাকা- ১২১৩ ঠিকানায় পাঠাতে হবে। এ সম্পর্কে **০১৭১১৪০৫১৪৮, ৮৮২৬০৩৬, ৯৮৮৭৮৮৪, ৮৮৫৪৪৫৬** নম্বরে ফোন করে, sajjad@ti-bangladesh.org এই ঠিকানায় ইমেইল করে এবং www.ti-bangladesh.org এ লগ ইন করে বিস্তারিত জানা যাবে।

উল্লেখ্য, ৯ ডিসেম্বর আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস উদযাপন কর্মসূচির অংশ হিসেবে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) ২০০৬ সাল থেকে দুর্নীতিবিরোধী কার্টুন প্রতিযোগিতার আয়োজন করে আসছে। প্রতিযোগিতায় বাংলাদেশের উদীয়মান তরুণ কার্টুনিস্ট এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র ছাত্রীদের অংশগ্রহণের ক্ষেত্রে ব্যাপক সাড়া পাওয়া গেছে।

গণমাধ্যম যোগাযোগ:

**রিজওয়ান-উল-আলম**
পরিচালক
আউটরিচ এন্ড কমিউনিকেশন বিভাগ
যোগাযোগ: ০১৭১৩০৬৫০১২
rezwan@ti-bangladesh.org